আপনার অনন্ত জীবন কোথায় কাটাবেন?

দয়া করে এই পত্রখানা ফেলে দেবেন না।

সময় নিন এবং সতর্কতার সাথে পত্র খানা পাঠ করুন। এটাই হয়ত অনন্ত যন্ত্রনা থেকে উদ্ধার পাওয়ার একমাত্র সুযোগ এবং আপনি যখন মারা যাবেন তখন কিভাবে স্বর্গের বিষয়ে নিশ্চিন্ত হবেন। অনেক লোক মনে করেন, মরনের পরে কোথায় যাবেন তার নিশ্চিত পথ জানা যায় না। কিন্তু তা সঠিক নয়! পবিত্র বাইবেলে ঈশ্বর যা বলেছেন তা শুনুন, ১যোহন ৫:১২-১৩ পদ,"পুত্রকে যে পাইয়াছে, সে সেই জীবন পাইয়াছে, ঈশ্বরের পুত্রকে যে পায় নাই সে সেই জীবনও পায় নাই। তোমরা যাহারা ঈশ্বরের পুত্রের নামে বিশ্বাস করিতেছ, আমি তোমাদিগকে এ সকল কথা লিখিলাম যেন তোমরা জানিতে পারযে, তোমরা অনন্ত জীবন পাইয়াছ" স্বর্গের বিষয় নিশ্চিত হওয়ার পূর্বে ঈশ্বরের বাক্যে কয়েকটি বিষয় রয়েছে যা আপনাকে অবশ্যই বুঝতে হবে এবং বিশ্বাস করতে হবে।

১। ঈশ্বরের বিরুদ্ধে আপনি পাপ করেছেন।

রোমীয ৩:২৩- "কেননা সকলেই পাপ করেছে এবং ঈশ্বরের গৌরব বিহীন হইয়াছে।" যাকোব ২:১০-"কারন যে কেহ সমস্ত ব্যবস্থা পালন করে, কেবল মাত্র একটি বিষয়ে উচোট খায়, সে সকলেরই দায়ী হইয়াছে।" ১যোহন ১:৮-"আমরা যদি বলি যে আমাদের পাপ নাই, তবে আপনারা আপনাদিগকে ভুলাই, এবং সত্য আমাদের অন্তরে নাই।"

২। ঈশ্বর পবিত্র, তিনি পাপ ঘৃনাকরেন।

ঈশ্বরের বিষয়ে পবিত্র বাইবেল বলে, হবককুক ১:১৩ পদ, "তুমি এমন নির্মল চক্ষু যে মন্দ দেখিতে পার না এবং দুস্কার্যের প্রতি তুমি দৃষ্টিপাত করিতে পার না।" গীত ৫:৪ পদ, "কেননা তুমি দুষ্টতা প্রিয় ঈশ্বর নহ, মন্দ তোমার অতিথি হইতে পারে না।"

৩। ঈশ্বরের পবিত্র স্বভাব নিশ্চিত করে যে, সব পাপের অবশ্যই শাস্তি হবে।

রোমীয় ৬:২৩ পদ, "কেননা পাপের বেতন মৃত্যু" এর অর্থ হল, এক ব্যক্তি সারা সপ্তাহ কঠোর পরিশ্রম করে তার প্রাপ্য মজুরী পান এবং এ মজুরী হল অর্থ। ঈশ্বর বলেন, আমরা আমাদের পাপের প্রাপ্য মজুরী পাওয়ার যোগ্য এবং সেই মজুরী হল মৃত্যু। তা কেবলমাত্র আমাদের দৈহিক মৃত্যু নয়। প্রকাশিতবাক্য ২০:১৪-১৫ পদ, "--- মৃত্যু ও নরককে অগ্নি হ্রদে নিক্ষিপ্ত করা হবে। "এটাই হল দ্বিতীয় মৃত্যু। যাদের নাম জীবন পুস্তকে লিখিত থাকবে না তাদেরকে অগ্নি হ্রদে নিক্ষিপ্ত করা হবে। প্রকাশিতবাক্য ১৪:১০-১১পদ, "তাহারা অগ্নীতে ও গন্ধকে যাতনা পাইবে--- তাদের কষ্টের ধুঁয়া চিরদিন উর্ধ্বোমুখী হবে এবং তাহারা দিবাতে এবং রাত্রিতে কখনো বিশ্রাম পাবে না"।

৪। যদিও ঈশ্বর আপনার পাপকে ঘৃনা করেন এবং পাপের শাস্তি দেন তবুও তিনি আপনাকে ভালবাসেন। তিনি পৃথিবীতে আসলেন এবং আমরা পাপী হিসাবে আমাদের পাওনা শাস্তি ভোগ করে ক্রুশে মৃত্যু বরণ করলেন।

রোমীয় ৫:৮ পদ "কিন্তু ঈশ্বর আমাদের প্রতি তাঁহার নিজের প্রেম প্রদর্শন করিতেছেন; কারন আমরা যখন পাপী ছিলাম, তখনও খ্রীষ্ট আমাদের নিমিত্ত প্রাণ দিলেন।" যিশাইয় ৫৩:৫ পদ, "তিনি আমাদের অধর্মের নিমিত্ত বিদ্ধ হইলেন এবং আমাদের অপরাধের নিমিত্ত চূর্ণ হইলেন।" প্রিয় বন্ধুগন, আপনার পাপের জন্য মৃত্যু মুখী প্রভু যীশুর দিকে চেয়ে দেখুন, লক্ষ্য করুন কিভাবে তাঁর মস্তকে কণ্ঠক মুকুট স্থাপন করা হয়েছে এবং অসংখ্য মানুষ নিষ্ঠুর ভাবে তাঁর মুখের উপর কিল-ঘুষি মারছে। যীশুর নগ্ন দেহকে ক্ষত-বিক্ষত না করা পর্যন্ত তাঁকে বার বার চাবুক দ্বারা আঘাত করছে। ক্রুদ্ধ জনতা তাঁকে অবিশ্বাস করে চিৎকার করে বলছে, "ওকে ক্রুশে দাও, ক্রুশে দাও"। কিভাবে তারা তাঁর দাড়ি ধরে টানছে এবং রক্তাক্ত মুখে থুথু দিচ্ছে। ক্রুশের উপর যীশুর হাতে ও পায়ে প্রেক বিদ্ধ করছে। যীশুর এই নিদারুন যন্ত্রনা লক্ষ্য করুন। প্রভু যীশুখ্রীষ্ট সবচেয়ে ভয়ংকর কষ্ট ভোগ করলেন যখন পিতা ঈশ্বর তাঁর উপর জগতের সমস্ত পাপ ভার তুলে দিলেন (যিশাইয় ৫৩:৬)। সত্যিই তিনি আমাদের জন্য কষ্ট ভোগ করলেন। যীশু খ্রীষ্ট তাঁর নিজের পাপের জন্য কষ্ট ভোগ করেন নি কারন তিনি কখনো পাপ করেন নি। ১পিতর ২:২২-২৪ পদ, "যিনি পাপ করেন নি --- কিন্তু আমাদের পাপ তাঁর উপর ক্রুশে ভোগ করলেন।" যীশু সমস্ত জগতের পাপের জন্য মৃত্যু বরন করলেন, কিন্তু বন্ধু,আপনার ভেবে দেখা উচিৎ যে, আপনারই পাপের জন্য যীশু এত দুঃখ-কষ্ট ভোগ করলেন। আপনার পাপের সমস্ত দেনা পরিশোধ করার পর যীশু বললেন, "শেষ হয়েছে"(সম্পূর্ণ পরিশোধ করা হল) যোহন ১৯:৩০ পদ। এর পর যীশুকে কবরে রাখা হলো এবং তৃতীয় দিবশে তিনি মৃত্যুকে জয় করে পুনরুত্থিত হলেন (১করিন্থীয় ১৫:৪ পদ)।

৫। আপনাকে পাপ থেকে উদ্ধার এবং স্বর্গে নিয়ে যাওয়ার জন্য যীশুর মৃত্যুকে আবশ্যই বিশ্বাস করতে হবে,আর অন্য কিছু নয়।

আপনাকে স্বর্গে নিয়ে যাওয়ার জন্য আপনি যদি ভাল হতে,ভাল কাজ করতে, দশ আজ্ঞা পালন করতে, নিয়মিত গীর্জায় যেতে বিশ্বাস করেন অথবা আপনার ধর্ম্মে বিশ্বস্থ থাকেন, আপনি অবশ্যই নরকে যাবেন। এই কাজগুলো ভাল কিন্তু কখনো তা আপনাকে স্বর্গে নিয়ে যেতে পারে না। খ্রীষ্টের মৃত্যুই কেবলমাত্র ঈশ্বরকে সন্তুষ্ট করতে পারে (যিশাইয় ৫৩:১১পদ)। যীশু ক্রুশে মৃত্যুবরন করে আমাদের নিমিত্ত যা করেছিলেন কেবলমাত্র তাতেই আমরা উদ্ধার পেয়েছি। আমাদের সততা যদি আমাদের স্বর্গে নিয়ে যেতে পারত তবে যীশু মরলেন কেন? গালাতীয় ২:২১ পদে বলে, "কারণ ব্যবস্থা দ্বারা যদি ধার্ম্মিকতা হয়, তাহা হইলে সুতরাং খ্রীষ্ট অকারনে মরিলেন" রোমীয় ৩:২০ পদ বলে,"যেহেতু ব্যবস্থার কার্য্যদ্বারা কোন প্রানী তাঁহার সাক্ষাতে ধার্ম্মিক গনিত হইবে না"। তীত ৩:৫ পদ, "আমাদের ধার্ম্মিকতার কার্যদ্বারা নয় কিন্তু তাহার দয়ানুসারে আমাদের মুক্ত করলেন"। যিশাইয় ৬৪:৬ পদ,"আমাদের সর্ব্বপ্রকার ধার্মিকতা মলিন বস্ত্রের সমান; আর আমরা সকলে পত্রের ন্যায় জীর্ণ হই"।